



নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.১৩৪.১৭-২৫৭

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭  
২৮ জুলাই ২০২০

**বিষয়: বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন নিশ্চিতকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বিদেশি কারিকুলামে (আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইংরেজি মাধ্যমের পাঠ্যসূচি) পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ এর ১৯ (৩) এর খারাটি নিম্নরূপ:

“বেসরকারি বিদ্যালয়ে সহপাঠ কার্যক্রম পরিচালনা, কোন বিশেষ সুবিধা এবং উন্নতমানের যন্ত্রপাতি বা প্রযুক্তি সুবিধা ব্যবহারের জন্য ছাত্র-ছাত্রীদের নিকট হইতে ফি আদায় করা যাইবে, তবে অনুরূপ ক্ষেত্রে ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদিত উহার পূর্ণাঙ্গ ব্যয় বিবরণী অভিভাবকদের লিখিতভাবে অবহিত করিতে হইবে”।

(২) সাময়িক নিবন্ধনের আবেদন ফরম ‘ক’ এর ১১ নং ক্রমিক মোতাবেক প্রতি মাসে বা বৎসরে শ্রেণিভেদে আদায়কৃত টিউশন ফি, ভর্তি ফি, খেলাধুলা ফি, গ্রন্থাগার ফি, টিফিন ফি, সুত্রণ ফি এবং অন্যান্য ফি এর পরিমাণ ও বিবরণ উল্লেখ করার বিধান রয়েছে।

(৩) এস, আর, ও নং ১৭৩-আইন/২০১৭ মোতাবেক “বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭” অনুসারে নিবন্ধন ফি জমা প্রদানপূর্বক বিদ্যালয়সমূহকে নির্ধারিত ফরমে (গ/ঘ) যথাযথ নিবন্ধন কর্তৃপক্ষ হতে নিবন্ধন সনদ নেয়া বাধ্যতামূলক।

(৪) এমতাবস্থায়, বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ অনুসারে বিধি মোতাবেক নির্ধারিত ফরমে নিবন্ধন নিশ্চিতকরণসহ বিধি ১৯ (৩) বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ ধরনের নিবন্ধিত এবং নিবন্ধনবিহীন কতটি প্রতিষ্ঠান আছে তার একটি তালিকাও মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

M. Amin  
26/07/2020

(মোমিনুর রশিদ আমিন)  
অতিরিক্ত সচিব  
ফোন-৯৫৪০৯০৮

E-mail: addsec\_secondary2@moedu.gov.bd

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড:  
(ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/বরিশাল/সিলেট/কুমিল্লা/দিনাজপুর/ময়মনসিংহ)
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল:  
(ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/দিনাজপুর/ময়মনসিংহ)

নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.১৩৪.১৭-২৫৭

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭  
২৮ জুলাই ২০২০

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ১। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-মৌলভীবাজার, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। অফিস কপি

M. Amin  
26/07/2020  
(মোমিনুর রশিদ আমিন)  
অতিরিক্ত সচিব